

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৯৬.১৩-২৭৪

তারিখঃ ১১/০৬/২০২০ খ্রিঃ


**বিষয়ঃ ব্যাখ্যা তলব।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় সংঘটিত বিভিন্ন অনিয়ম উৎঘাটনের জন্য গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় আপনার বিরুদ্ধে নিম্নোক্ত অভিযোগসমূহ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে:

১। মোল্লাডাঙ্গা লস্করপাড়া মহিলা সমিতির সদস্যদের ঋণের আবেদন ও ঋণ বিতরণী সনদে প্রদত্ত স্বাক্ষরের সাথে সফটওয়্যারে প্রদত্ত স্বাক্ষরের অমিল ও ঋণ বিতরণের নীতিমালা অনুযায়ী সঞ্চয়ের অর্থ জমা না থাকা সত্ত্বেও আত্মসাতের উদ্দেশ্যে সমিতির কিছু সদস্যর সাথে যোগসাজশে অনিয়মতান্ত্রিকভাবে ৩০ জন সদস্যর বিপরীতে বিগত ০৬/০৬/২০১৭ খ্রিঃ তারিখে ৬.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। বর্তমানে উক্ত সমিতিতে ৩.৬৭ লক্ষ টাকা অনাদায়ী রয়েছে;

২। সুফলভোগী হতে ঋণ ও সঞ্চয়ের অর্থ আদায় করে পাশবহিতে যথাযথভাবে পোস্টিং না দিয়ে তা দীর্ঘদিন হস্তগত রাখা আপনার নিয়মিত অভ্যাস।

এমতাবস্থায়, মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় বর্ণিত অনিয়মসমূহের সঙ্গে জড়িত থাকার বিষয়সমূহ প্রমাণিত হওয়ায় উক্ত অনাদায়ী অর্থ আপনার নিকট হতে আদায়সহ কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনর) দিনের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ইরেসপো

জনাব সবিতা রানী রায়  
মাঠ সংগঠক, ইরেসপো,  
উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুরা।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ শ্রীপুর জেলাঃ মাগুরা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ শ্রীপুর জেলাঃ মাগুরা।
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।